# 36376 - কোন কাফেরকে কোরবানীর গোশত দেয়া জায়েয আছে কি?

প্রশ্ন

প্রশ্ন: কোন কাফেরকে কোরবানীর গোশত দেয়া জায়েয আছে কি?

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

শাইখ ইবনে উছাইমীন বলেন:

কোন কাফেরকে সদকার নিয়তে কোরবানীর গোশত দেয়া জায়েয আছে; তবে শর্ত হচ্ছে- সে কাফের যেন মুসলমানদেরকে হত্যাকারীদের দলভুক্ত না হয়। যদি সে কাফের মুসলমানদেরকে হত্যাকারীদের দলভুক্ত হয় তাহলে তাকে কোন কিছু দেওয়া যাবে না। দলিল হচ্ছে- আল্লাহর বাণী: "দ্বীনের ব্যাপারে যারা তোমাদের বিরুদ্ধে যুদ্ধ করেনি এবং তোমাদেরকে স্বদেশ থেকে বহিস্কার করেনি তাদের প্রতি মহানুভবতা দেখাতে ও ন্যায়বিচার করতে আল্লাহ্ তোমাদেরকে নিষেধ করেন না। নিশ্চয় আল্লাহ্ ন্যায়পরায়ণদেরকে ভালবাসেন। আল্লাহ্ শুধু তাদের সাথে বন্ধুত্ব করতে নিষেধ করেন যারা দ্বীনের ব্যাপারে তোমাদের সাথে যুদ্ধ করেছে, তোমাদেরকে স্বদেশ থেকে বের করে দিয়েছে এবং তোমাদেরকে বের করাতে সাহায্য করেছে। আর তাদের সাথে যারা বন্ধুত্ব করে তারাই তো যালিম।"[সূরা মুমতাহিনা, আয়াত: ৮-৯]